# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 26-08-2026 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) ইতিহাসকে সাক্ষী রেখে আকাশবাণী কলকাতা আজ শতবর্ষে পদার্পন করেছে। এই ১-শো বছরে আকাশবাণী সংবাদ ও অনুষ্ঠানের উপস্থাপনায় বাঙালী ঐতিহ্য ও সাংস্কৃতিক মর্যাদায় বজায় রেখেই ঘটেছে মেলবন্ধন।

২) পশ্চিমবঙ্গে SIR ট্রাইব্যুনালে কত আবেদন জমা পড়েছে, কত মামলা বিচারাধীন এবং কতগুলির নিস্পত্তি হয়েছে নির্বাচন কমিশনের কাছে সে সম্পর্কে হলফনামা চেয়েছে সুপ্রিম কোর্ট।

৩) ভবানীপুর মিত্র ইনস্টিটিউশনের এক ছাত্রকে সাপে কামড়ানোর অভিযোগ ওঠার পর স্কুলগুলিতে পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য নির্দেশিকা জারি করেছে স্কুল শিক্ষা দপ্তর।

৪) কলকাতা পুরসভা, বরানগর-ব্যারাকপুর মেট্রো প্রকল্পের পিঙ্ক লাইনে NoC দেওয়ায় এই প্রকল্পে কাজের অগ্রগতি হয়েছে, সন্তোষ প্রকাশ মুখ্যমন্ত্রী।

৫) চিরাচরিত ধর্মীয় আবেগে আজ ঈদ-এ-মিলাদ-উন-নবী উদযাপিত হচ্ছে।

oooooooooooooooooooooo

ইতিহাসকে সাক্ষী রেখে আকাশবাণী কলকাতা আজ শতবর্ষে পদার্পন করেছে। এই ১-শো বছরে আকাশবাণী সংবাদ ও অনুষ্ঠানের উপস্থাপনায় ঐতিহ্য ও সাংস্কৃতিক মর্যাদায় বজায় রেখেই ঘটেছে বিবর্তন। দীর্ঘ পথ চলার স্মৃতি বহন করছে এই ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। বাঙালীর আবেগে ও মননে দিনের সকাল থেকে রাত পর্যন্ত জড়িয়ে রয়েছে আকাশবাণী কলকাতা। পঙ্কজ মল্লিক, বাণী কুমার ও বীরেন্দ্র কৃষ্ণভদ্রের কালজয়ী মহিষাসুরমর্দিনী আজও দুর্গাপুজো ও শারদীয় উৎসবের আবহরচনা করে। বিভিন্ন সময়ের সংবাদ ছাড়াও প্রাত্যহিকি, মহিলামহল,গল্পদাদুর আসর, জানা-অজানা, ষোলোআনা বাঙালী সহ নানা অনুষ্ঠান মনোরঞ্জন করে চলেছে শ্রোতাদের।

দিনটি উপলক্ষে সাজিয়ে তোলা হয়েছে কলকাতার আকাশবাণী ভবনটিকে। দিনভর আয়োজন করা হয়েছে একাধিক বিশেষ অনুষ্ঠান ।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

ooooooooooooooooooooooo

আকাশবাণী কলকাতা আজ শতবর্ষে পা দিল। এই ১০০ বছরে নানান বিবর্তন ঘটেছে আকাশবাণীর সংবাদেরও। কেমন ছিল শুরুর দিনগুলো, কেমন ছিল পরিবর্তিত হতে থাকা সংবাদের রূপ- এইসব নিয়েই নিজেদের অভিজ্ঞতা বিনিময় করেছেন আকাশবাণী কলকাতার সংবাদের বিভিন্ন বিভাগের পুরোধায় থাকা তিন প্রাক্তন বরিষ্ঠ আধিকারিক - শঙ্কর দাশগুপ্ত, শান্তনু পালোধি এবং সুনীত চক্রবর্তী। অনুষ্ঠানটির সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে দুটি ভাগে। প্রথম পর্ব সম্প্রচারিত হবে আজ রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও DTH বাংলা পরিষেবায়। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও অনুষ্ঠানটি শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে SIR ট্রাইব্যুনালে কত আবেদন জমা পড়েছে, কত মামলা বিচারাধীন এবং কতগুলির নিস্পত্তি হয়েছে নির্বাচন কমিশনের কাছে সে সম্পর্কে বিস্তারিত তথ্য চেয়েছে সুপ্রিম কোর্ট।

একই সঙ্গে SIR-এর তালিকা থেকে নাম বাদ যাওয়ার কারণে কত আপিল হয়েছে এবং নতুনভাবে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য কত আবেদন জমা পড়েছে, তাও নির্বাচন কমিশনকে হলফনামা আকারে জানাতে হবে। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি ভি মোহানার বেঞ্চে গতকাল কংগ্রেস সাংসদ ইসা খান চৌধুরী এবং দলের নেতা অধীর চৌধুরীর দায়ের করা দুটি মামলার শুনানি হয়। মামলাকারীদের তরফে আইনজীবী আদালতে জানিয়েছেন, আরটিআই থেকে পাওয়া তথ্য অনুযায়ী ট্রাইব্যুনাল এখন পর্যন্ত ৮৩ হাজার আবেদনের নিস্পত্তি করেছে। তার মধ্যে ৭৫ হাজারের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে।

নির্বাচন কমিশনের আইনজীবী ডি এস নায়ডু আদালতে জানান, বিচারাধীন মামলার দ্রুত নিস্পত্তির ক্ষেত্রে কি পদক্ষেপ করা যায়, তা চূড়ান্ত করতে খুব শীঘ্রই সংশ্লিষ্ট সব পক্ষ বৈঠকে বসবে। আগামী সোমবারের মধ্যে এব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস ছেড়ে এনসিপিআইতে যোগদানকারী ২০ জনের সাংসদ পদ খারিজের দাবিতে দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জির করা মামলায় সুপ্রিম

কোর্ট, ওই বিদ্রোহী সাংসদদের নোটিশ দিয়েছে। প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি ভি মোহনার বেঞ্চ বলেছেন, ২০ জনের প্রত্যেককেই নিজেদের বক্তব্য আদালতে জানাতে হবে। দু'সপ্তাহ পর মামলার পরবর্তী শুনানি।

অভিষেক ব্যানার্জীর দাবি, তৃণমূল কংগ্রেসের প্রতীকে জয়ী, দলত্যাগী ওই ২০ জন সাংসদকে এখনও ন্যাশনালিস্ট সিটিজেন্স পার্টি অফ ইন্ডিয়া-এনসিপিআই সাংসদ হিসেবে স্বীকৃতি দেননি লোকসভার অধ্যক্ষ। অথচ তারা লোকসভার অধিবেশনে আলাদা বসছেন। সুদীপ বন্দ্যোপাধ্যায়, কাকলী ঘোষদস্তিদার সহ ওই ২০ জনের বিরুদ্ধে দলত্যাগ বিরোধী আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার দাবিতেই শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছেন সাংসদ অভিষেক ব্যানার্জী।

ooooooooooooooooooooooo

বিজেপি, আসন্ন কলকাতা পুরসভা নির্বাচন পরিচালনার জন্য দলের তরফে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারকে ইনচার্জ পদে নিয়োগ করেছে। রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্যের নির্দেশে এই নিয়োগ করা হয়েছে। সহকারি ইনচার্জের পদে বিজেপি নেতা অনিন্দ্য ব্যানার্জিকে দায়িত্ব দেওয়া হয়েছে। আহবায়কের দায়িত্ব দেওয়া হয়েছে রাজ্যের মন্ত্রী তাপস রায় এবং সহকারি আহ্বায়কের পদে বিধায়ক রীতেশ তেওয়ারিকে মনোনীত করা হয়েছে।

অন্যদিকে, হাওড়া পুরসভাতেও আসন্ন নির্বাচন পরিচালনার জন্য দলের প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহাকে ইনচার্জ পদে এবং সঞ্জয় কুমার সিংকে আহ্বায়ক পদে দায়িত্ব দেওয়া হয়েছে।

এদিকে, যে কোনো রকম দুর্নীতি রোধে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, দলীয় কর্মীদের সতর্ক করে দিয়েছেন। এক লিখিত বার্তায় তিনি অনৈতিক কাজকর্ম থেকে নেতা কর্মীদের বিরত থাকতে বলা হয়েছে। এক্ষেত্রে কোনো রকম বিচ্যুতি ঘটলে তার দায় সংশ্লিষ্ট ব্যক্তিকেই নিতে হবে বলে তিনি জানান।

oooooooooooooooooooooo

কলকাতা পুরসভা এলাকায় ওয়ার্ড পুনর্বিন্যাস সংক্রান্ত বিষয়ে গতকাল পুর ভবনে এক সর্বদলীয় বৈঠক বসে। বৈঠকে পৌরহিত্য করেন পুর কমিশনার, প্রশাসক স্মিতা পান্ডে। বৈঠকে কংগ্রেস,বাম, বিজেপি, কালীঘাট তৃণমূল কংগ্রেস ও ঋতব্রত তৃণমূল কংগ্রেসের প্রতিনিধিরা অংশ নেন। সর্বদলীয় বৈঠকের পর সাংবাদিকদের স্মিতা পান্ডে বলেন, ওয়ার্ড পুনর্বিন্যাস সংক্রান্ত বিষয় নিয়ে বিরোধী দলের পক্ষ থেকে পরামর্শ দেওয়া হয়েছে। এরপর তা নিয়ে শুনানি হবে। সেপ্টেম্বরের তিন তারিখ পর্যন্ত বিভিন্ন রাজনৈতিক দলের  তরফ থেকে মতামত জানানোর  শেষ সময় স্থির করা হলেও সেই সময়সীমা বাড়ানোর দাবি জানিয়েছে তারা। বিষয়টি জনসমক্ষে বা পাবলিক ডোমেইনে আনার দাবি জানিয়েছেন বিরোধী দলের সদস্যরা।

উল্লেখ্য, কলকাতা পুরসভা এলাকায় ইতিমধ্যেই ওয়ার্ড পুনর্বিন্যাস সংক্রান্ত চূড়ান্ত খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে। ওয়ার্ড সংখ্যা ১৪৪ থেকে বেড়ে হয়েছে ২০৯।

oooooooooooooooooooooo

ভবানীপুর মিত্র ইনস্টিটিউশনের এক ছাত্রকে সাপে কামড়ানোর অভিযোগ ওঠার পর স্কুলগুলিতে পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য নির্দেশিকা জারি করেছে স্কুল শিক্ষা দপ্তর। ওই নির্দেশিকায় বলা হয়েছে, স্কুল চত্বর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। স্কুল চত্বরে ও চারপাশে কোথাও বিষাক্ত প্রাণীর বাসা আছে কিনা তা দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। স্কুল খোলার আগে ক্লাসরুম ও শৌচাগার ভালোভাবে দেখতে হবে ও পরিচ্ছন্ন রাখতে হবে। গতকাল বন দপ্তরের একটি প্রতিনিধি দল মিত্র ইনস্টিটিউশনে গিয়ে সাপ বা অন্য বিষাক্ত প্রাণী কোথাও আছে কিনা, তা তল্লাশি করে। যদিও সেরকম কিছু মেলেনি।

এদিকে, আহত ঐ ছাত্রের শারীরিক অবস্থার কিছুটা উন্নতি হয়েছে বলে জানা গেছে।

oooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের বুদবুদে কাঁকসা ব্লকের খেতুড়া আদিবাসী প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষে গতকাল চন্দ্রবোড়া সাপ ঢুকে পড়ায় ছাত্র ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে ব্যাপক আতঙ্ক ছড়ায় । খবর পেয়ে স্থানীয় এক যুবক দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তৎপরতার সঙ্গে চন্দ্রবোড়াটিকে উদ্ধার করেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক শেখ সিরাজুল হক জানান, স্কুলের পিছনের জলাশয়ের পাড় ভেঙে দেওয়ায় ও দেওয়ালে ফাটল থাকায় এই ঘটনা ঘটেছে। স্থানীয় বাসিন্দা ও অভিভাবকরা অবিলম্বে স্কুল চত্বরের আগাছা পরিষ্কার এবং জলাশয়ের পাড়সহ জীর্ণ দেওয়াল মেরামতের দাবি জানিয়েছেন।

oooooooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পর এবার কলকাতা বিশ্ববিদ্যালয়েও এবিভিপি এবং এসএফআই-এর মধ্যে সংঘর্ষের অভিযোগ উঠেছে। গতকাল কলকাতা বিশ্ববিদ্যালয় চত্ত্বরে দুই ছাত্র সংগঠনের সমর্থকদের মধ্যে হাতাহাতি হয় বলে অভিযোগ। দু-পক্ষই

একে অপরের বিরুদ্ধে ক্যাম্পাসে বহিরাগত ঢোকানো এবং অস্থিরতা সৃষ্টির অভিযোগ তুলেছেন। উপস্থিত পুলিশ কর্মী এবং কর্তৃপক্ষের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। দু-টি ছাত্র সংগঠনই রেজিস্ট্রারের কাছে স্মারকলিপি জমা দিয়েছে।

ooooooooooooooooooooooo

B T Road বরাবর বিদ্যমান ৪৮ ইঞ্চি ব্যাসের জল সরবরাহ লাইনটি বন্ধ করার জন্য কলকাতা পুরসভার তরফে নো অবজেকশন সার্টিফিকেট প্রদান করায় কলকাতা মেট্রো রেলের বরানগর - ব্যারাকপুরের মধ্যে প্রস্তাবিত পিংক লাইন করিডোর প্রকল্পটি একটি বড় অগ্রগতি লাভ করেছে। মেট্রো রেলের তরফে আজ এক বিবৃতিতে এখবর জানিয়ে বলা হয় যে, কলকাতা পুরসভার Administrator এবং পুর কমিশনার স্মিতা পান্ডে গতকাল ( 24.08.2026) একটি চিঠিতে এই প্রকল্পের বাস্তবায়নকারি সংস্থা Rail Vikas Nigam Limited ( RVNL) এর জেনারেল ম্যানেজারকে বিষয়টি জানান।

oooooooooooooooooooooo

বিটি রোড বরাবর বরানগর, ব্যারাকপুর পিঙ্ক লাইন মেট্রো প্রকল্পে ছাড়পত্র বা NOC দেওয়ায় কলকাতা পুর নিগমকে ধন্যবাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এক্স হ্যান্ডেলের এক বার্তায় তিনি এই পদক্ষেপকে শহরতলীর জনপরিবহণে এক উল্লেখযোগ্য মাইলফলক হিসেবে বর্ণনা করেন। মুখ্যমন্ত্রী বলেন, ১২ কিলোমিটার দীর্ঘ এই প্রকল্প বাস্তবায়িত হলে যাতায়েতের সময় উল্লেখযোগ্যভাবে কমবে। একইসঙ্গে হ্রাস পাবে গুরুত্বপূর্ণ সড়কগুলিতে যানজটের চাপ।

জলের পাইপলাইন তৈরী নিয়ে সমস্যা হতে পারে, এজন্য অনুমোদনের পর দীর্ঘ ১৬ বছর আটকে ছিল এই প্রকল্পের কাজ। এপ্রসঙ্গে মুখ্যমন্ত্রী জানিয়েছেন, শহরে অত্যাবশ্যক পানীয় জল সরবরাহ ব্যবস্থা অক্ষুণ্ণ রেখেই এই কাজ করা হবে। এজন্য আলাদাভাবে নতুন একটি জল পরিবহণ পাইপ লাইন তৈরীর পরিকল্পনা করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের সমস্ত গ্রন্থাগারগুলির আধুনিকীকরণ এবং নবীন প্রজন্মকে গ্রন্থাগারমুখী করতে একাধিক পদক্ষেপ নেওয়া হবে বলে গ্রন্থাগার মন্ত্রী গৌরীশংকর ঘোষ জানিয়েছেন। বীরভূমের সিউড়ি শহরের অন্যতম প্রাচীন বিবেকানন্দ গ্রন্থাগারের অনুষ্ঠানে এসে একথা বলেন তিনি। তিনি জানান, নতুন সরকারের মন্ত্রিসভায় গ্রন্থাগারগুলো ডিজিটালাইজ করার সিদ্ধান্ত হয়েছে । আপাতত ৫০০ গ্রন্থাগার কে এই আওতায় আনা হবে। এই অর্থ বর্ষেই ডিজিটালাইজেশন এর কাজ শেষ করার লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে। ডিজিটালাইজেশন করার ফলে গ্রন্থাগারে আসা পাঠকরা মোবাইল বা ল্যাপটপের মাধ্যমে জেনে নিতে পারবেন গ্রন্থাগারে কোন বই কোথায় রয়েছে। প্রবীণ মানুষরা শারীরিক কারণে হয়তো গ্রন্থাগারে আসতে পারছেন না তারা বাড়িতে বসেই নিজের মোবাইলে গ্রন্থাগারের যাবতীয় বই পড়তে পারবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

চিরাচরিত ধর্মীয় আবেগে আজ ঈদ-এ-মিলাদ-উন-নবী উদযাপিত হচ্ছে। ইসলাম ধর্মের শেষ নবী হজরত মুহাম্মদের জন্ম বার্ষিকীর স্মরণে এই পবিত্র দিনটি ইসলাম ধর্মাবলম্বীরা আড়ম্বরের সঙ্গে বড় উৎসব হিসেবে পালন করেন। বিশেষ প্রার্থনার মধ্য দিয়ে নবীর প্রতি গভীর শ্রদ্ধা ও ভালোবাসা জ্ঞাপন করা হচ্ছে। দিনটি উপলক্ষে খাদ্য ও দান সামগ্রী বিতরণের মধ্য দিয়ে প্রেম, ভালোবাসা আনন্দ ভাগ করে নেওয়া হয়।

ইসলামি ক্যালেন্ডার অনুসারে রবিউল-আওয়াল মাসের ১২ তারিখ নবী জন্মগ্রহণ করেছিলেন মক্কায় । গ্রেগরিয়ান ক্যালেন্ডার অনুসারে ৫৭০ খ্রিষ্টাব্দে তাঁর জন্ম হয়েছিল। সেই উপলক্ষ্যে প্রত্যেক বছর পালিত হয় এই নবী দিবস।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ ঈদ-এ-মিলাদ-উন-নবী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এই উপলক্ষে রাষ্ট্রপতি বলেছেন মহানবী হজরত মহম্মদের বাণী ও শিক্ষাকে স্মরণ করার পবিত্র উপলক্ষ্য তাঁর শিক্ষা আমাদের পবিত্র আচরণ ও কর্তব্য নিষ্ঠার পথে চলতে অনুপ্রাণিত করে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo